

Rice Hoja Blanca Virus (RHBV)

দেশে নতুন একটি ভাইরাসের আবির্ভাব হয়েছে, যা ধানের জন্য ব্যাপক ক্ষতির কারণ হতে পারে। এই ভাইরাসটির নাম Rice Hoja Blanca Virus (RHBV)। সম্প্রতি যশোর ও জামালপুর জেলায় এর লক্ষণ দেখা দিয়েছে।



Rice Hoja Blanca Virus (RHBV) একটি RNA ভাইরাস। প্রথমে দেখা দেয় কলম্বিয়ার কওকা উপত্যকায় ১৯৩৫ সালে। পরে ১৯৬৫ সালে এটি ভেনিজুয়েলা, কিউবা, পেরু অর্থাৎ মধ্য আমেরিকার দেশ সমূহে আক্রমণ করে ও ২৫-৫০% ধানের উৎপাদন ধ্বংস করে পরে ১৯৮০ সালের দিকে মেক্সিকো, সহ ইউএসএর দক্ষিণের প্রদেশ সমূহে আক্রমণ করে ব্যাপক ক্ষতি সাধন করে। ১৯৮১ সালে এটি ইকুয়েডরে ধানে মহামারী আকারে আক্রমণ করে এবং প্রায় ১০০% ফসল ধ্বংস করে ফেলে।। এটি *Tagosdes orizicolus* নামক হপার পোকা দ্বারা বিস্তার লাভ করে।।

নতুন এই ভাইরাস প্রসঙ্গে শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ জামাল হোসেন বলেন, “RHBV একটি নতুন রোগ যেটি হয়ত ক্লাইমেট চেইঞ্জ এর কারণে মধ্য আমেরিকা থেকে আটলান্টিক পাড়ি দিয়ে আমাদের দেশেও চলে এসেছে যা কিনা মধ্যম থেকে তীব্র মাত্রায় ফলন ধ্বংস করার ক্ষমতা রাখে। যেহেতু ভাইরাস নিজে চলতে পারে না এবং ভেক্টর এর মাধ্যমে বিস্তার লাভ করে তাই এর ভেক্টর দমনে পরামর্শ দেয়া যায় আর আমরা আশাবাদী বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট-এর বিজ্ঞানীরা অচিরেই একটি সমন্বিত দমন ব্যবস্থা সুপারিশ করবেন।”

উপসর্গ সমূহ:

১. পুরাতন পাতায় আক্রমণ করলে সুপ্ত অবস্থায় থাকে
২. কচি পাতায় আক্রমণ করলে প্রায় ৪ দিন পর ২-৫ মিলিমিটার আকারের গ্রিন কালারের স্পট পরে এবং তা ছড়িয়ে পরে পাতায় ক্লোরোসিস দেখা দেয় এবং প্যাচ / স্ট্রীপ দেখা যায়।
৩. কুশি সমূহ খাটো হয়ে যায়, শিকড় খাটো এবং ব্রাউন হয়ে মরে যায়।
৪. শীঘ্র আক্রমণ করলে বন্ধু হয়ে চিটা হয়ে যায় এবং নানা ধরনের অস্বাভাবিকতা দেখা যায়।